



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,  
২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা  
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,  
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৯.২৩.৬৩১৩

১১ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ২৬ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি পদ বাতিল করণ প্রসঙ্গে।

সূত্র: ১। নং বামাশিবো/প্রশা/২২৪২২১০২৩৯৭১/৬৫৩৭৬/নথি নং -২৭৬ তারিখ: ২৩-০৬-২০২২ খ্রি:

২। নং ০৫.১০.৭৮৬৬.১০২.০৩.০০১.২১.১৯৮ তারিখ: ১৫.০২.২০২৩ খ্রি:

৩। নং জেশিঅ/পট্ট/৪০৮৯ তারিখ: ০৭.০৮.২০২৩ খ্রি:

৪। নং ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৯.২৩.৬৩০৯, তারিখ: ১৩-০৯-২০২৩ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে পট্টয়াখালী জেলার কলাপাড়া উপজেলাধীন ইউসুফপুর বালিকা দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি ও ভারপ্রাপ্ত সুপারের বিরুদ্ধে নিয়োগ বাণিজ্যসহ নানাবিধ অভিযোগের বিষয় উল্লেখ করে ম্যানেজিং কমিটির ১১ জন সদস্যের মধ্যে ৯ জন সদস্য কর্তৃক সভাপতির বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব দেওয়া হয়েছে মর্মে বিদ্যোৎসাহী সদস্য জনাব মো: বদরুল আলম কর্তৃক অভিযোগ দাখিল করা হয়। অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক উপজেলা নির্বাহী অফিসার, কলাপাড়া, পট্টয়াখালী কর্তৃক সূত্রোক্ত ২নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। তদন্ত প্রতিবেদনে তদন্ত কর্মকর্তা কর্তৃক মতামতে উল্লেখ করা হয়েছে ০৫ জন শিক্ষক-কর্মচারী নিয়োগ পূর্ববর্তী সুপারের সময় হওয়ায় বর্তমান সুপার ও সভাপতি দায়ী নয়। এছাড়াও অন্যান্য অভিযোগের বিষয়ে কোন প্রমাণ পাওয়া যায় নাই। তবে ম্যানেজিং কমিটির ৯ জন সদস্য কর্তৃক সভাপতির বিরুদ্ধে অনাস্থা দেওয়ার বিষয়ে প্রতিবেদনে কোন কিছু উল্লেখ করা হয়নি। উক্ত মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ ওমর ফারুক আকন প্রতিষ্ঠানের স্বার্থের বিরুদ্ধে কাজ করছেন উল্লেখ করে ম্যানেজিং কমিটির ১১ জন সদস্যের মধ্যে ৮ জন সদস্য কর্তৃক সভাপতির বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব দেওয়া হয়েছে এবং বিধি মোতাবেক নতুন কাউকে সভাপতি করার জন্য আবেদনসহ বিদ্যোৎসাহী সদস্য জনাব মো: বদরুল আলম কর্তৃক উচ্চতর তদন্তের জন্য পুনরায় অভিযোগ দাখিল করা হয়। অভিযোগের আলোকে জেলা শিক্ষা অফিসার, পট্টয়াখালীকে উচ্চতর তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য পত্র দেয়া হয়। জেলা শিক্ষা অফিসার, পট্টয়াখালী কর্তৃক ৩নং স্মারকে তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। উচ্চতর তদন্তে সভাপতির প্রতি অনাস্থার বিষয়টি প্রমানিত হওয়ায় সভাপতি পদ কেন বাতিল করা হবেনা মর্মে সূত্রোক্ত ৪নং স্মারকে সভাপতিকে কারণ দর্শানো পত্র দেওয়া হয়েছে। পত্রের আলোকে সভাপতি কর্তৃক কারণ দর্শানোর জবাব দাখিল করা হয়েছে। কারণ দর্শানো পত্রের জবাব সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয়েছে।

বর্ণিত অবস্থায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান ৩৮ অনুযায়ী সূত্রোক্ত ১নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি মনোনয়ন বাতিল করা হলো এবং প্রবিধান ৮(৫) অনুসরণ করে সভাপতি নির্বাচন পূর্বক অনুমোদনের আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৬-০৯-২০২৩

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

০২-৯৬১২৮৫৮ (ফোন)

০২৫৮৬১৬৬৮১ (ফ্যাক্স)

info@bmeb.gov.bd

সুপার/ভারপ্রাপ্ত সুপার, ইউসুফপুর বালিকা দাখিল মাদ্রাসা, কলাপাড়া, পট্টয়াখালী।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৯.২৩.৬৩১৩/১(৫)

১১ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ২৬ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী;
- ২। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, পটুয়াখালী;
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, কলাপাড়া, পটুয়াখালী;
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, কলাপাড়া, পটুয়াখালী এবং
- ৫। জনাব মোঃ ওমর ফারুক আকন(সাবেক সভাপতি)/সদস্যবৃন্দ, ম্যানেজিং কমিটি, ইউসুফপুর বালিকা দাখিল মাদ্রাসা।





২৬-০৯-২০২৩  
মোঃ ওমর ফারুক  
উপ রেজিস্ট্রার